



# জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)

National Association of Small & Cottage Industries of Bangladesh (NASCIB)

Registration No-190/18, 1984-85.

Head Office: House# 53/1, 3<sup>rd</sup> Floor, Purana Paltan Lane, VIP Road (Inner Circular), Dhaka-1000  
Mobile: +8801711339297, E-mail: admin@nascib.org; ceo@nascib.org; Website: <https://nascib.org>

নাসিব/প্রকা/প্রেস/ঘ-৬/২৫/৬৯২

তারিখঃ ২৪ ফেব্রুয়ারি ২০২৬

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৪, ফেব্রুয়ারি ২০২৬ খ্রীঃ রোজ মঙ্গলবার, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; **মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ শরীফুল আলম মহোদয়** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অত্যন্ত গুরুত্বপূর্ণ মন্ত্রণালয় **বাণিজ্য মন্ত্রণালয়**-এর দায়িত্বভার গ্রহণ করায় জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)-এর পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও প্রাণঢালা শুভেচ্ছা জ্ঞাপন করা হয়েছে।

এ উপলক্ষে আয়োজিত সৌজন্য সাক্ষাতে উপস্থিত ছিলেন নাসিব-এর কেন্দ্রীয় পরিচালনা পর্ষদের সভাপতি **জনাব মির্জা নূরুল গণি শোভন** এবং নাসিব সংস্কার কমিটির আহ্বায়ক **জনাব মির্জা মাসুদুর রহমান**। এছাড়াও উপস্থিত ছিলেন নাসিব কেন্দ্রীয় পরিচালনা পর্ষদের সি. সহ-সভাপতি জনাব **এ.কে.এম মুজিবুর রহমান**, পরিচালক জনাব **খলিলুজ্জামান**, কেন্দ্রীয় সাধারণ পর্ষদের সদস্য জনাব **এ.বি.এম সিদ্দিকুর রহমান**-সহ সংগঠনের অন্যান্য সদস্যবৃন্দ।

সাক্ষাৎকালে সৌহার্দ্যপূর্ণ পরিবেশে পারস্পরিক মতবিনিময়ের পাশাপাশি দেশের অতিক্ষুদ্র, ক্ষুদ্র, মাঝারি ও কুটির শিল্পখাতের টেকসই উন্নয়ন, উদ্যোক্তা সহায়ক নীতিগত পরিবেশ সৃষ্টি এবং ভবিষ্যতে সরকার ও নাসিবের মধ্যে সহযোগিতামূলক অংশীদারিত্ব জোরদারের বিষয়ে গঠনমূলক আলোচনা হয়।

নাসিব দৃঢ় আশাবাদ ব্যক্ত করে যে, মাননীয় মন্ত্রীর বিচক্ষণ দিকনির্দেশনায় দেশের বাণিজ্য ও শিল্পখাত, বিশেষত অতিক্ষুদ্র, ক্ষুদ্র, মাঝারি ও কুটির শিল্পখাত আগামী দিনে আরও শক্তিশালী ও সম্প্রসারিত ভূমিকা রাখতে সক্ষম হবে।

বার্তা প্রেরক,

মাহমুদুর রিফাত খান

নির্বাহী কর্মকর্তা, নাসিব কেন্দ্রীয় পরিচালনা পর্ষদ

নাসিব  
NASCIB